

খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা  
রেজিস্ট্রারের কার্যালয়  
একাডেমিক শাখা-১

স্মারক নং: খুবি/একা-২১৩/২০২১- ২১০

তারিখ: ১৪/০৫/২০২৬ খ্রি.

**জুলাই ২০২৬ সেশনে Ph.D. প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি**

খুলনা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্কুলের আওতাধীন ডিসিপ্লিন / ইনস্টিটিউট সমূহে জুলাই ২০২৬ সেশনে ph.D. ফেলো ভর্তির লক্ষে শিক্ষার্থীদের নিকট থেকে নিম্নলিখিত শর্তে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

**শর্তাবলী:**

- ১। সংশ্লিষ্ট অ্যালাইড বিষয়ে খুলনা বিশ্ববিদ্যালয় অথবা দেশের অন্য কোন সরকারি বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ডিগ্রি থাকতে হবে অথবা অন্য কোন দেশি- বিদেশি বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ডিগ্রি (যা UGC কর্তৃক সমমানের ডিগ্রি হিসেবে স্বীকৃত) থাকতে হবে।
- ২। প্রার্থীকে কমপক্ষে ১৭ বছর শিক্ষাকাল শেষ করতে হবে।
- ৩। বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রি অর্জনকারীদের ক্ষেত্রে UGC কর্তৃক অনুমোদনের প্রমাণপত্র এবং অনুমোদিত ক্যাম্পাস থেকে ডিগ্রি অর্জনের প্রমাণপত্র দাখিল করতে হবে।
- ৪। এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় যে কোন একটিতে প্রথম বিভাগ (জিপিএ ৫.০০ এর মধ্যে ৩.০০ এবং ৫.০০ এর মধ্যে ৩.৫০) এবং স্নাতক ও স্নাতোকোত্তর ডিগ্রির যে কোন একটিতে প্রথম শ্রেণি (সিজিপিএ ৪.০০ এর মধ্যে ৩.০০ এবং ৫.০০ এর মধ্যে ৩.৫০) থাকতে হবে।
- ৫। কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।
- ৬। থিসিস ছাড়া স্নাতকোত্তর ডিগ্রির ক্ষেত্রে প্রথম লেখক হিসেবে কমপক্ষে Peer-reviewed জার্নালে একটি প্রকাশনা থাকতে হবে।

আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখঃ আগামী ১১/০৬/২০২৬ খ্রি.।

ভর্তি সংক্রান্ত যে কোন তথ্যের জন্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.ku.ac.bd](http://www.ku.ac.bd) এবং সংশ্লিষ্ট স্কুলের ডিন অফিসে যোগাযোগ করার জন্য বলা হলো।

স্বাক্ষরিত

(প্রফেসর ড. এস এম মাহবুবুর রহমান)  
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)